



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/4/2023

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্কে মাইক্রনের 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রথম বর্ষপূর্তিতে গভর্নর হোকলের বিবৃতি

"আজকে থেকে এক বছর আগে, আমরা সেই সংবাদ ঘোষণা করি যা আমাদের অর্থনৈতিক ভবিষ্যতের গতিপথ পরিবর্তন করে দিবে: সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রন (Micron) 100 বিলিয়ন মার্কিন ডলার এবং প্রায় 50,000 চাকরি নিয়ে আসছে।

"এটি ইতিমধ্যে আমাদের অর্থনীতির জন্য সবকিছু আমূলে বদলে দিচ্ছে। এরপর থেকে কমপক্ষে তিনটি সেমিকন্ডাক্টর ব্যবসা প্রতিষ্ঠান নিউ ইয়র্ককে তাদের বাড়ি বানানোর পরিকল্পনা ঘোষণা করেছে। আমরা দেশসেরা সম্প্রদায়ের লাভ নিশ্চিত করেছি, যেমন সাস্রয়ী চাইল্ড কেয়ার এবং 500 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রদায়ে বিনিয়োগের তহবিল (Community Investment Fund), যা মাইক্রনের ভবিষ্যৎ কর্মচারী এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক সম্প্রদায়কে সমর্থন করবে। এবং আমরা সম্প্রদায় জড়িতকরণ কমিটির (Community Engagement Committee) বৈঠকের সূচনা করেছি, যাদের মতামত নিশ্চিত করবে যে আমরা যখন ঐতিহাসিক এবং রূপান্তরমূলক এই প্রকল্পটি বাস্তবায়ন করবো তখন যাতে সকলের কথা শোনা হয়।

"নিঃসন্দেহে নিউ ইয়র্কবাসীদের একটি ঐক্যবদ্ধ দলের পরিশ্রম ও নিবেদনের ফলে মাইক্রনের সাথে অসাধারণ এই অংশীদারিত্বটি সম্ভব হয়েছে। গত বছর আমার স্বাক্ষর করা নিউ ইয়র্কের সবুজ CHIPS বিধিমালা (Green CHIPS legislation), এবং সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, সিনেটর জিলিব্র্যান্ড, এবং কাউন্টি নির্বাহী ম্যাকমাহনের সাথে আমাদের অংশীদারিত্ব নিউ ইয়র্ককে একটি চিপ প্রস্তুতের বৈশ্বিক কেন্দ্রে পরিণত করার পথে আমাদেরকে স্থাপন করেছে। এইসব প্রয়াস বলীয়ান করার জন্য আমি সেমিকন্ডাক্টর সম্প্রসারণ, ব্যবস্থাপনা, এবং সমন্বয়ের গভর্নরের অফিস (Governor's Office of Semiconductor Expansion, Management, and Integration, GO SEMI) শুরু করেছি এবং আমাদের কর্মীদেরকে ভবিষ্যতের চাকরির জন্য প্রশিক্ষণ দিতে কৌশলী কর্মীবাহিনী বিকাশ অফিসের (Office of Strategic Workforce Development) মাধ্যমে আমরা 24 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি। এবং এখন আমরা স্থানীয় স্কুল ও ইউনিভার্সিটিগুলির সাথে অংশীদারিত্ব করতে মাইক্রনের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছি যাতে মাইক্রন এই অঞ্চলে যে 50,000 নতুন চাকরি আনবে তার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করা যায়।

"প্রায় এক শতাব্দীর মধ্যে আপস্টেট নিউ ইয়র্ক থেকে হওয়া প্রথম গভর্নর হিসেবে, এটি আমার জন্য ব্যক্তিগত একটি বিষয়। উৎপাদনের চাকরি দেশের বাইরে চলে যাওয়ার পর কীভাবে বল

সম্প্রদায় মনে করেছে যে তাদের অগ্রাহ্য এবং অবহেলা করা হয়েছে, তা আমি জানি, এবং আমি জানি যে কীভাবে এই বিনিয়োগ এই পরিবর্তনের ক্ষেত্রে একটি রূপান্তরকারী প্রভাব রাখবে। ঐতিহাসিক এই বিনিয়োগের কারণে নিউ ইয়র্কের ভবিষ্যৎ উজ্জ্বল হবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418